



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



৪ পৌষ ১৪২৮

তারিখঃ

১৯ ডিসেম্বর ২০২১

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লিজ/বিনিয়োগের শ্রেণিকরণ, আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ এবং সংস্থান সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৮, তারিখঃ ০১ সেপ্টেম্বর ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত সার্কুলার লেটারের অনুলেখ নং ১ ও ৩ এ বর্ণিত ৩১/১২/২০২১ ভিত্তিক ঋণ/লিজ/বিনিয়োগ এর শ্রেণিমান নির্ধারণ এবং ঋণ/লিজ/বিনিয়োগ এর বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরের বিষয়ে প্রদত্ত নির্দেশনা নিম্নরূপে প্রতিস্থাপিত হবে:-

ক) ঋণ/লিজ/বিনিয়োগের বিপরীতে ০১ জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর/২০২১ এর শেষ কার্যদিবস পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫%(পঁচিশ শতাংশ) ডিসেম্বর ২০২১ এর শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে ৩১/১২/২০২১ ভিত্তিতে ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে ৩১/১২/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ বিদ্যমান মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ১(এক) বছরের মধ্যে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে;

খ) উপরোক্ত '২(ক)' নং অনুলেখে বর্ণিত হারে ও সময়ে পরিশোধিত ঋণ/লিজ/বিনিয়োগের বিপরীতে ২০২১ সালে আরোপিত সুদ/মুনাফা ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনান্তে আয়খাতে স্থানান্তর করা যাবে;

গ) কোন ঋণ/লিজ/বিনিয়োগ গ্রহীতা কর্তৃক প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫%(পঁচিশ শতাংশ) ডিসেম্বর ২০২১ এর শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঋণের ক্ষেত্রে প্রচলিত বিধিবিধান যথারীতি বহাল থাকবে এবং ৩১ ডিসেম্বর ২০২১ ভিত্তিক সিএল বিবরণীতে সংশ্লিষ্ট ঋণ/লিজ/বিনিয়োগকে যথানিয়মে শ্রেণিকরণ করে সিআইবি-তে রিপোর্ট করতে হবে।

৩। এ সার্কুলার লেটারের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/লিজ/বিনিয়োগের বিপরীতে বিদ্যমান নীতিমালা অনুযায়ী রক্ষিতব্য সাধারণ সংস্থানের অতিরিক্ত আরো ২% হারে সংস্থান সংরক্ষণ করতে হবে যা ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ ভিত্তিক স্থিতিপত্রে "বিশেষ সংস্থান" শিরোনামে প্রদর্শিত হবে। উক্তরূপে সংরক্ষিত বিশেষ সংস্থান পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে আয়খাতে স্থানান্তর বা রক্ষিতব্য সংস্থানের বিপরীতে সমন্বয় করা যাবে না।

৪। বর্ণিত সুবিধাপ্রাপ্ত ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবসমূহের প্রয়োজনীয় তথ্যাদি (ঋণ গ্রহিতার নাম, ঋণ স্থিতি, আরোপিত সুদ/মুনাফা, আয়খাত ও স্থগিত হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা, ২% হারে রক্ষিত অতিরিক্ত সংস্থানের পরিমাণ ইত্যাদি) সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৫। বিশেষ বিবেচনায় বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি নিয়ে পুনঃতফসিলকৃত/পুনর্গঠিত ঋণ/লিজ/বিনিয়োগ এর বিপরীতে আরোপিত সুদ/মুনাফা নগদ আদায় ব্যতিরেকে আয়খাতে স্থানান্তর করা যাবে না।

৬। ঋণ/লিজ/বিনিয়োগের শ্রেণিকরণ, আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ সংক্রান্ত এ সুবিধা শুধুমাত্র ৩১/১২/২০২১ ভিত্তিক হিসাব চূড়ান্তকরণের জন্য প্রযোজ্য হবে।

৭। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৮, তারিখঃ ০১ সেপ্টেম্বর ২০২১ এর অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৮। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮